অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/10/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নিরাপদ সাবওয়ে: এই গ্রীষ্মে সাবওয়েতে অপরাধের হার ঐতিহাসিকভাবে হ্রাস পেয়েছে বলে গভর্নর হোকল জানিয়েছেন

2019 সালের তুলনায় বড় ধরনের অপরাধ প্রায় 17 শতাংশ কমেছে যা এক প্রজন্মের মধ্যে সর্বনিম্ন; 2024 সালের তুলনায় গুরুতর হামলা 21 শতাংশ হ্রাস পেয়েছে

2025 সালে যাত্রী সংখ্যা মহামারী-পরবর্তী সময়ের মধ্যে সর্বোচ্চ হয়েছে যা 2024 সালের তুলনায় 9 শতাংশ বেশি

পুরো ট্রানজিট সিস্টেমে এখন 10টি স্কাউট টিম কাজ করছে যারা বিশেষজ্ঞ-নেতৃত্বাধীন মানসিক স্বাস্থ্য সেবা প্রদান করছে

MTA ঘোষণা করেছে যে 2025 সালের শেষের মধ্যে সব সাবওয়ে স্টেশনে LED লাইট লাগানো হবে এবং 100টি স্টেশনে প্ল্যাটফর্ম ব্যারিয়ার নির্মাণ করা হবে

এই গ্রীষ্মে সাবওয়ে অপরাধ রেকর্ড পরিমাণ নিম্ন পর্যায়ে কমে এসেছে বলে গভর্নর Hochul (হোকল) জানিয়েছেন। 1 জুন থেকে 31 আগস্ট পর্যন্ত ট্রানজিট অপরাধ 2024 সালের তুলনায় প্রায় 10 শতাংশ এবং 2019 সালের তুলনায় 16.8 শতাংশ কমেছে। চলতি বছরে, এখন পর্যন্ত ট্রানজিট অপরাধ ইতিহাসের সর্বনিম্নে, আর সাবওয়ে যাত্রীর সংখ্যা বেড়েছে 9%, যেখানে গ্রীষ্মকালে 311 মিলিয়নেরও বেশি যাত্রা সম্পন্ন হয়েছে। 2024 সালের তুলনায় প্রতি মাসেই ট্রানজিট সংশ্লিষ্ট ফৌজদারি অপরাধের সংখ্যা কমেছে। জুন, জুলাই ও আগস্টে মোট 119টি ফৌজদারি অপরাধ সংঘটিত হয়েছে — যেখানে গত বছর ছিল 150টি — যা 21 শতাংশ হ্রাস। 1 জুন থেকে 31 আগস্ট পর্যন্ত প্রতি 1 মিলিয়ন সাবওয়ে যাত্রীর মধ্যে 0.38টি অপরাধ সংঘটিত হয়েছে। যাত্রী বৃদ্ধিকে হিসেব করলে দেখা যায়, এই গ্রীষ্মে প্রতি 1 মিলিয়ন সাবওয়ে যাত্রায় 1.59টি বড় অপরাধ হয়েছে যা 2022 সালের তুলনায় 30 শতাংশ কম এবং মহামারী-পূর্ব সময়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

“দায়িত্ব গ্রহণ করার সময় আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে সাবওয়ে অপরাধ কমাবো এবং তা নিয়ন্ত্রণে রাখবো। জননিরাপত্তায় কৌশলগত বিনিয়োগ এবং কাঙ্খিত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে, আমাদের সাবওয়ে সিস্টেমে অপরাধ এখন আনুষ্ঠানিকভাবে রেকর্ড পরিমাণ নিম্ন পর্যায়ে পৌঁছেছে,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “প্রত্যেক নিউ ইয়র্কবাসীরই গণপরিবহনে

নিরাপত্তা পাওয়ার অধিকার রয়েছে — আর আমি অঙ্গীকারবদ্ধ যে সাবওয়ে ও রাস্তাগুলো আরো নিরাপদ করতে বিনিয়োগ করা চালিয়ে যাব।"

MTA-এর সভাপতি ও CEO Janno Lieber (জান্নো লিবার) বলেন, "মহামারীর আগের তুলনায় এখন সাবওয়ে আরো বেশি নিরাপদ যার কারণ সুস্পষ্ট: বেশি পুলিশ, বেশি নজরদারি ক্যামেরা এবং মানসিক স্বাস্থ্য সেবার সম্প্রসারণ। গভর্নর Hochul (হোকল)-এর সমর্থন ও অর্থায়নে গৃহীত এই পদক্ষেপগুলো অপরাধ কমার ধারাবাহিকতা বজায় রাখতে সাহায্য করছে যা এখন টানা তিন বছরের পথে।"

NYPD পরিসংখ্যান অনুযায়ী, জুলাই ও আগস্ট বিশেষভাবে নিরাপদ মাস ছিল এবং নতুন তথ্য নিশ্চিত করছে যে এটি ইতিহাসের সবচেয়ে নিরাপদ জুলাই ও আগস্ট। সামগ্রিক ট্রানজিট সংশ্লিষ্ট অপরাধ 2024 সালের তুলনায় এই আগস্টে 22.8 শতাংশ কমেছে এবং গুরুতর অপরাধের ঘটনা গত বছরের তুলনায় 40.4 শতাংশ হ্রাস পেয়েছে। আগস্ট মাসে সাবওয়ে সিস্টেমে ডাকাতির ঘটনা 2024 সালের তুলনায় 34 শতাংশ কমেছে।

এই ঐতিহাসিক অপরাধ হ্রাস গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে সাবওয়ে নিরাপত্তায় ধারাবাহিক বিনিয়োগের ফলাফল। জানুয়ারিতে, গভর্নর Hochul (হোকল) NYPD-এর সঙ্গে এক ঐতিহাসিক সহযোগিতামূলক সহায়তায় স্টেট তহবিল থেকে 77 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেন যার মাধ্যমে রাতের সময় সাবওয়ে ট্রেনে কর্মকর্তাদের নিয়োগ করা হয়। এই নিয়োগ প্রক্রিয়া যাত্রীদের মানসিক শান্তি প্রদান করে এবং রাতের সময় অপরাধীদের জন্য প্রতিরোধক হিসেবে কাজ করে। এই সময়ে, দুইজন NYPD কর্মকর্তা একটি সাবওয়ে ট্রেনে টহল দেন, যাত্রাপথে প্রতিটি বগি থেকে অন্য বগিতে টহল দেন।

এছাড়াও সাবওয়েতে মানসিক স্বাস্থ্য-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবেলায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। সাবওয়ে কো-রেসপন্স আউটরিচ টিমস (Subway Co-Response Outreach Teams, SCOUT) মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের MTA পুলিশ অফিসারদের সঙ্গে যৌথভাবে কাজ করতে যুক্ত করেছে যাতে সাবওয়েতে গুরুতর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভোগা ব্যক্তিদের জন্য বিশেষজ্ঞ-নেতৃত্বাধীন সেবা দেওয়া যায়। এ পর্যন্ত, SCOUT টিম সাবওয়ে সিস্টেম থেকে 750টিরও বেশি রেফারাল করেছে এবং সম্মিলিতভাবে এই রোগীরা চিকিৎসায় 2,000 রাত অতিবাহিত করেছেন যা তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে সাহায্য করেছে। গভর্নর Hochul (হোকল)-এর নির্দেশনায় MTA এখন সম্পূর্ণরূপে 10টি SCOUT টিম চালু করেছে যা ব্রঙ্কস, ব্রুকলিন, কুইন্স এবং ম্যানহাটন জুড়ে সাবওয়ে সিস্টেমে সেবা প্রদান করছে।

গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে ট্রানজিট নিরাপত্তায় করা বিনিয়োগের মধ্যে রয়েছে:

- NYPD-এর সাথে অংশীদারিত্বে 77 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে যাতে প্রতি রাতের ট্রেনে দুইজন অফিসার মোতায়েন করা যায়।
- 20 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে 10টি সাবওয়ে কো-রেসপন্স আউটরিচ (SCOUT) টিমকে সম্পূর্ণভাবে অর্থায়ন করার জন্য যারা সাবওয়েতে মানসিক স্বাস্থ্য সমস্যা মোকাবেলায় চিকিৎসক-নেতৃত্বাধীন সেবা প্রদান করবে।

- নিউ ইয়র্ক সিটি সাবওয়েতে 32,000টি নজরদাড়ি ক্যামেরা বসানো হয়েছে — যার মধ্যে গভর্নর Hochul (হোকল)-এর নির্দেশ অনুযায়ী, 6,000টি সাবওয়ে কারে 17,000-এর বেশি ক্যামেরা রয়েছে — এছাড়া 15,000-এর বেশি ক্যামেরা স্টেশনগুলোতে স্থাপন করা হয়েছে।
- 74টি স্টেশনে নতুন প্ল্যাটফর্ম ব্যারিয়ার যোগ করা হয়েছে এবং MTA 2025 সালের শেষে 100টি স্টেশনে এগুলো বসানোর লক্ষ্যে কাজ চালিয়ে যাচ্ছে।
- 300-এর বেশি সাবওয়ে স্টেশনে আরো উজ্জ্বল LED লাইট বসানো হয়েছে এবং 472টি স্টেশনে 2025 সালের শেষ নাগাদ এই কাজ শেষ হবে।
- ম্যানহাটন সাইকিয়াট্রিক সেন্টার (Manhattan Psychiatric Center)-এ দুইটি ট্রানজিশন টু হোম ইউনিট (Transition to Home Unit, THU) তৈরি করা হয়েছে যা 50 শয্যার ব্যবস্থা করে গুরুতর মানসিক অসুস্থতায় ভোগা গৃহহীনদের সহায়তা দেবে।
- আইন প্রয়োগকারী সংস্থা এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের মধ্যে সমন্বয় বাড়াতে MTA একজন নতুন ক্রিমিনাল জাস্টিস অ্যাডভোকেট নিয়োগ করেছে।
- MTA কর্মীদের সুরক্ষার জন্য সাবওয়ে ট্রেনের কনডাক্টর কেবিনে ক্যামেরা স্থাপন করা হয়েছে। এখন পর্যন্ত, 1,100টিরও বেশি কেবিনে MTA ক্যামেরা বসিয়েছে।

MTA-এর চিফ সিকিউরিটি অফিসার Michael Kemper (মাইকেল কেম্পার) বলেন, "যাত্রীসংখ্যা বাড়ছে এবং অপরাধ কমছে—এটি MTA যাত্রীদের জন্য বড় সুখবর, তারা সবসময় সাবওয়ে নিরাপত্তাকে প্রথম অগ্রাধিকার হিসেবে দেখেন। আমরা মনোযোগ বজায় রেখেছি এবং এই হ্রাসের ধারা বজায় রাখার জন্য NYPD ও অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে কাজ চালিয়ে যাব।"

NYC ট্রানজিটের প্রেসিডেন্ট Demetrius Crichlow (দিমেট্রিয়াস ক্রিচলো) বলেন, "ট্রানজিট সিস্টেমে যাত্রী এবং কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করা NYC ট্রানজিটের সর্বদাই প্রধান অগ্রাধিকার এবং গভর্নর Hochul (হোকল) এবং আইন প্রয়োগকারী অংশীদারদের বিনিয়োগের জন্য আমরা এই অঙ্গীকার পূরণ করতে সক্ষম হয়েছি। অধিক যাত্রীসংখ্যা, ঐতিহাসিক সময়মতো কার্যক্ষমতা এবং এই গ্রীষ্মে অপরাধের পরিমাণ হ্রাসের মাধ্যমে, যাত্রীরা নিশ্চিত থাকতে পারেন যে তারা সাবওয়েতে নিরাপদ, কার্যকর এবং নির্ভরযোগ্যভাবে যাত্রা করতে পারবেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন